

বসন্তের ছুটির সময় নিরাপদে থাকুন

বসন্তকালীন ছুটি (স্প্রিং রিসেস) **সোমবার, 29 মার্চ** শুরু হবে। তাপমাত্রার উষ্ণতা বৃদ্ধি পাবার পাশাপাশি এবং দাদু-নানুদের টিকা গ্রহণ করা বৃদ্ধি পাবার সাথে সাথে, আপনারা হয়তো ভ্রমণ করার বিষয়টি বিবেচনা করছেন। এখন ভ্রমণ করাটা ভাল আইডিয়া নয়, কারণ COVID-19 এখনও একটি মারাত্মক ঝুঁকি এবং আপনি, আপনার পরিবার, ও আপনার কমিউনিটিকে সংক্রামিত হবার ও ভাইরাস সংক্রমণ করার ঝুঁকি সৃষ্টি করে। ফেডারেল সেন্টারস্ ফর ডিজিজ্ কন্ট্রোল অ্যান্ড প্রিভেনশন **আমাদের সকলকে শহর ছেড়ে না যাওয়ার জন্য অনুরোধ করছে।**

অনুগ্রহ করে COVID-19 সংক্রমণ রোধ করতে সহায়তা করুন এবং ভ্রমণ করবেন না। যদি আপনার অবশ্যই ভ্রমণ করতে হয়, তবে এই COVID-19 প্রতিরোধক পরামর্শগুলো স্মরণ রাখবেন:

- অন্যদের থেকে দূরত্ব বজায় রাখুন, হ্যান্ড স্যানিটাইজার সাথে রাখুন এবং ব্যবহার করুন, এবং দুই বছরের অধিক বয়সী সকলে একটি মাস্ক পরিহিত আছে তা নিশ্চিত করুন।
- কারো বাড়িতে থাকার পরিবর্তে একটি হোটেলে থাকা বিবেচনা করুন। যদি আপনার বাড়িতে অন্য স্টেট থেকে আসা কোনো অতিথি থাকে, তাকেও একই কাজ করতে পরামর্শ দিন।
- এমন কর্মকাণ্ড বেছে নিন যেগুলো আপনার অন্যদের চেয়ে নিরাপদ দূরত্ব বজায় রাখতে সহায়তা করবে। জনসমাগম এড়িয়ে যান, বিশেষত অভ্যন্তরীণ পরিবেশে।
- যদি আপনার পরিবারের সদস্য নয় এমন কারো সাথে আপনি সময় ব্যয় করবেন, তবে বাহ্যিক পরিবেশ অধিকতর নিরাপদ, কারণ COVID-19 অভ্যন্তরীণ পরিবেশে সহজে ছড়ায়। পার্ক, সমুদ্র সৈকত, অথবা ব্যাকইয়ার্ডে মিলিত হোন, অথবা খাবার জন্য বাহিরে মিলিত হোন।

অনুগ্রহ করে খেয়াল রাখবেন যে ভ্রমণকারী ও নিউ ইয়র্কবাসী যারা ফিরে আসছেন তাদের নিউ ইয়র্কে প্রবেশের পর কোয়ারেন্টাইন করা আবশ্যিক হতে পারে। আরো তথ্যের জন্য, coronavirus.health.ny.gov/covid-19-travel-advisory -ওয়েবসাইটে নিউ ইয়র্ক স্টেট-এর COVID-19 ট্র্যাভেল অ্যাডভাইজরি (ভ্রমণ বিষয়ক উপদেশক) দেখুন।

যদি আপনি ভ্রমণ করেন, তবে যখন আপনি নিউ ইয়র্ক সিটিতে ফিরে আসবেন তখন নিম্নলিখিত বিষয়গুলো করা অত্যন্ত গুরুত্বপূর্ণ:

- COVID-19 উপসর্গগুলোর প্রতি লক্ষ্য রাখুন;
- পরীক্ষা করিয়ে নিন;
- কঠোরভাবে COVID-19 প্রতিরোধক পদক্ষেপগুলো অনুসরণ করুন, যেন অন্য কারো আশেপাশে থাকলে সবসময় মাস্ক পরিধান করা এবং অন্যদের থেকে ছয় ফিট দূরত্ব বজায় রাখা; এবং
- যদি আপনি অসুস্থ বোধ করেন অথবা COVID-19 পরীক্ষার ফলাফল পজিটিভ আসে তবে তাৎক্ষণিকভাবে নিজেকে আলাদা করে নিন।

আমরা আশা করছি আপনারা বসন্তের ছুটি উপভোগ করবেন এবং বাড়িতেই বহু নিরাপদ, আনন্দময় কর্মকাণ্ড খুঁজে পাবেন। একত্রে, আমরা আমাদের কমিউনিটিতে COVID-19 সংক্রমণ রোধ করতে পারি।